

II সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১০৪২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫১৭]

৪। সালাত (নামায) (১ হা্ন্)

পরিচ্ছেদঃ ৫২. একটি মাত্র কাপড় পরিধান করে সালাত আদায় করা এবং তা পরিধান করার নিয়ম বিধান

باب الصَّلاَةِ فِي ثَوْبِ وَاحِدِ وَصِفَةِ لُبْسِهِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، وَعِيسَى بْنُ حَمَّادٍ، قَالاَ حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ أَبِي أَمُامَةَ بْنِ سَهْلِ بْنِ حُنَيْفٍ، عَنْ عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يُصلِّي فِي ثَوْبٍ وَاحِدٍ مُلْتَحِفًا مُخَالِفًا بَيْنَ طَرَفَيْهِ . زَادَ عِيسَى بْنُ حَمَّادٍ فِي رُوايَتِهِ قَالَ عَلَى مَنْكِبَيْهِ .

বাংলা

১০৪২-(২৮০/...) কুতাইবাহ ইবনু সাঈদ ও ঈসা ইবনু হাম্মাদ (রহঃ) উমার ইবনু আবূ সালামাহ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে একটি মাত্র কাপড় পরে সালাত আদায় করতে দেখেছি। এর দু'কিনারা দু'কাঁধের উপর দিয়ে সামনে টেনে এনে বুকের উপর গিট দিয়েছেন।

ঈসা ইবনু হাম্মাদের বর্ণনায় কাঁধের উপর বেঁধেছেন বলে অতিরিক্ত আছে। (ইসলামিক ফাউন্ডেশনঃ ১০৩৬, ইসলামিক সেন্টারঃ ১০৪৬)

English

Umar b. Abu Salama reported:

I saw the Messenger of Allah (ﷺ) praying in a single garment with its ends crossing each other. 'Isa b. Hammad added:" placing on his shoulders".

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনু আবু সালামাহ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন